

বারি উদ্ভাবিত প্রযুক্তি ব্যবহারে উৎপাদন বাড়বে ১০-৩০%

গাজীপুর প্রতিনিধি

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) উদ্ভাবিত পানি সাশ্রয়ী প্রযুক্তিসমূহের ব্যবহারে দেশের খরাপ্রবণ বরেন্দ্র এলাকায় সবজি - ফলের উৎপাদন অন্ততঃ ১০-৩০% বাড়বে। যা জনগণের পুষ্টিনিরাপত্তা বিধানে কার্যকর ভূমিকা রাখবে এবং তা ব্যবহারে কৃষকের উৎপাদন খরচও কমবে, ফলে তারা লাভবান হবেন। বারি রাজশাহী'র বরেন্দ্র কেন্দ্রের সরেজমিন গবেষণা বিভাগের উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো.

সাখাওয়াত হোসেন ও শ্যামপুরের সরেজমিন গবেষণা বিভাগের অঞ্চল-১ এর প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. মাজহারুল আনোয়ার এবং গাজীপুরের মহাপরিচালকের দপ্তরের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. রফিকুল ইসলাম এসব বিষয় নিয়ে সরেজমিনে গবেষণা করেছেন। বারি'র প্রটোকল শাখার কর্মকর্তা আল-আমিন দৈনিক জনবানীকে জানান, সনাতন ধ্যান ধারণায় কৃষি ছিল প্রয়োজন -পৃষ্ঠা ৭ কলাম ৫

নির্ভর। বর্তমান সময়ে কৃষির বিষয়ে নতুন ধ্যান ধারণার উদ্ভব হয়েছে। আধুনিক কৃষি মানে বাণিজ্যিক কৃষি। তবুও আমাদের কৃষি উৎপাদন অনেকেই এখনো প্রকৃতি নির্ভর। স্থানীয় জলবায়ু, বৃষ্টিপাত, ভূপ্রকৃতি ও চাহিদার উপর ভর করেই চলে শস্য নির্বাচন ও উৎপাদন।

শস্য-শ্যামলা এ বাংলাদেশের সকল অংশে সমান ফসল জন্মানা না। আবার সব ফসল সকল এলাকায় জন্মানা। তবে বাণিজ্যিক কৃষির ক্ষেত্রে লাভজনক ফসল উৎপাদনই প্রধান্য পায়। আবার বৈরী ও প্রতিকূল পরিবেশে কিছু সংখ্যক ফসল অধিক পরিমাণে উৎপাদনের মাধ্যমেও কৃষিকে লাভজনক করা যায়। এসব বিষয়কে সামনে রেখে কৃষিকে লাভজনক করতে কাজ করছেন এসময়ের বিজ্ঞানীরা। তেমনি 'বারি' সহ অন্যান্য কয়েকটি গবেষণা প্রতিষ্ঠান দেশের খরাপ্রবণ বরেন্দ্র এলাকার উপযোগী উন্নত কৃষি প্রযুক্তি উদ্ভাবনে কাজ করে যাচ্ছে এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মাঠ পর্যায়ে প্রযুক্তিগুলো বিস্তারে কাজ করছে। বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর বিভিন্ন কেন্দ্র/বিভাগ ইতোমধ্যে বরেন্দ্র এলাকার উপযোগী বেশ কিছু লাগসই প্রযুক্তি (উন্নত জাত এবং উৎপাদন কৌশল) উদ্ভাবন করেছে।

রাজশাহী'র বরেন্দ্র কেন্দ্রের সরেজমিন গবেষণা বিভাগের বিজ্ঞানীদের দেয়া তথ্য থেকে জানা গেছে, বরেন্দ্র এলাকার জন্য লাগসই ফসল উৎপাদন কৌশল/ব্যবস্থাপনার একটি কৌশল হলো চার ফসলভিত্তিক ফসল ব্যবস্থাপনা। উঁচু বরেন্দ্র অঞ্চলে ফসল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে চার ফসলভিত্তিক "সরিষা-মুগ-রোপ আউস ধান-রোপা আমন ধান" নিবিড় ফসলধারাটি উদ্ভাবন করেছে বারি-র সরেজমিন গবেষণা বিভাগ। উন্নত এই ফসলধারায় ফসলের মোট উৎপাদন প্রচলিত বোরো ধান-পতিত-রোপা আমন ফসলধারার তুলনায় সর্বোচ্চ ৩৫% বেশি পাওয়া যায় এবং ৪০% সেচের পানি সাশ্রয় হয়। এই প্রযুক্তিটি উঁচু বরেন্দ্র অঞ্চলে প্রায় ১৩,০০০-১৪,০০০ হে. জমিতে সম্প্রসারণ করা সম্ভব। উন্নত এই ফসলধারায় বারি কর্তৃক উদ্ভাবিত উচ্চ ফলনশীল জাতের সরিষা (বারি সরিষা-১৪, বারি সরিষা-১৫ ও বারি সরিষা-১৭) ও মুগ (বারি মুগ-৬) এবং ত্রি উদ্ভাবিত রোপা আউস ধান (ত্রি ধান-৪৮, ত্রি ধান-৮২) এবং রোপা আমন ধানের জাত (ত্রি ধান-৭১, ত্রি ধান-৭৫) ব্যবহার করা হয়েছে।

এদিকে উঁচু বরেন্দ্র অঞ্চলে আমন ধান সংগ্রহের পরে প্রায়শই মাটিতে রসের ঘাটতি

Uploaded
02/02/2020

দৈনিক জনকণ্ঠ

ঢাকা ॥ বৃহস্পতিবার, ১৮ পৌষ ১৪২৬
বঙ্গাব্দ, ২ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

কৃষিই সমৃদ্ধি

পুষ্টি ও সুস্বাস্থ্যের জন্য নিরাপদ সবজি

৩-৫ জানুয়ারি

জাতীয় সবজি মেলা ২০২০

কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ (কেআইবি) চত্বর, ফার্মগেট, ঢাকা

অনিবার্য কারণবশত মানব উদ্দীপন বন্ধন সকাল ৯:৩০ টার পরিবর্তে
বিকাল ৩:০০ টায় এবং উদ্বোধনী অনুষ্ঠান সকাল ৯:৩০ টার পরিবর্তে
বিকাল ৩:৩০ টায় একই স্থানে অনুষ্ঠিত হবে।

মেলা অফান ৯টা থেকে রাত ৯টা পর্যন্ত সবসময়ের জন্য উন্মুক্ত



কৃষি তথ্য সার্ভিস
www.ais.gov.bd



কৃষি মন্ত্রণালয়
www.moa.gov.bd